গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(রাজস্ব শাখা)
www.rajshahi.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.২৩- ১৭৫

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ১০ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৯.১২(অংশ).৪৮৩ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র রাজস্ব প্রশাসনের (জেলা রাজস্ব শাখা ও ভূমি অধিগ্রহণ শাখা) ২০তম গ্রেডের নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | অফিস সহায়ক | ০৪ | গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | নিরাপত্তা প্রহরী | ০১ | গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৩ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

## শর্তাবলি:

০১। নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্র রাজশাহী জেলার ওয়েবপোর্টাল www.rajshahi.gov.bd- এ এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর রাজস্ব শাখায় ও জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। আবেদনপত্র আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র এ কার্যালয়ে গ্রহণ করা হবে না। অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৪। আবেদন গ্রহণের শেষ তারিখ অর্থাৎ আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২/০৯/২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়সসীমা ২৫/০৩/২০২০ খ্রি. তারিখ সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিয়োগ কমিটি, রাজশাহী-কে সম্বোধন করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৬। খামের উপর পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৭। বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোন ক্ষেত্রেই আবেদনের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য নয়।

০৮। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫X৫ সে:মি: ও ০১(এক) কপি স্ট্যাম্প আকারের রঙিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে ১-৪৬৩২-০০০১-২০৩১ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার গ্রহণযোগ্য হবে না।

(গ) নির্দেশনা অনুযায়ী পূরণকৃত প্রবেশপত্র ০২(দুই) কপি সংযুক্ত করতে হবে। প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ৫X৫ সে:মি: আকারের রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে প্রাপক হিসেবে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১৫/- (পনের) টাকার ডাক টিকিট লাগানো ৯"X৪" মাপের একটি খাম সংযুক্ত করতে হবে।

(ঙ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি, চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র, অন্যান্য কোটা যেমন: প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(চ) পরিচ্ছন্নতাকর্মী পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থী যদি হরিজন সম্প্রদায়ের হয়ে থাকেন সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ তারিখের ৪৮.০০.০০০০. ০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত

(ক) ভারতীয় তালিকা:

(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

অথবা

(খ) লাল মুক্তিবার্তা:

(১) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); লাল মুক্তিবার্তা স্মরণীয় বরণীয় যারা;

অথবা

(গ) গেজেট:

(১) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (২) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (৩) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (৪) বিসিএস গেজেট; (৫) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (৬) বীরাঙ্গনা গেজেট; (৭) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (৮) ন্যাপ কমিউনিস্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (৯) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (১০) মুজিবনগর গেজেট;

অথবা

(ঘ) বাহিনী গেজেট:

(১) সেনাবাহিনী গেজেট; (২) নৌবাহিনী গেজেট; (৩) বিমানবাহিনী গেজেট; (৪) বিজিবি গেজেট; (৫) পুলিশ বাহিনী গেজেট; (৬) আনসার বাহিনী গেজেট; (৭) নৌ-কমান্ডো গেজেট;

অথবা

(ঙ) শহীদ গেজেট;

(১) শহীদ বেসামরিক গেজেট; (২) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (৩) শহীদ বিজিবি গেজেট; (৪) শহীদ পুলিশ গেজেট;

অথবা

(চ) খেতাবপ্রাপ্ত: (১) খেতাবপ্রাপ্ত গেজেট;

অথবা

(ছ) যুদ্ধাহত:

(১) যুদ্ধাহত গেজেট; (২) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৩) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৪) যুদ্ধাহত সেনা গেজেট এর যে কোন একটি প্রমাণকে বীর মুক্তিযোদ্ধার নাম থাকেত হবে।

১০। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকায়/গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ের পক্ষ উল্লেখসহ) | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশ/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

১১। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে ওয়ারিশ সনদ দাখিল করেতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশ সনদে তাঁর প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং বীর মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশ সনদে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশ সনদ গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১২। লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপির ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়িত করার ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সুস্পষ্ট নাম, পরিচিতি নম্বর ও পদবি সম্বলিত সিল থাকতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একাধিক পদে আবেদন করলেও একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৬। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

২৮/০২/২৩


আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী
ফোনঃ ০৭২১-৭৭২০৫০
ফ্যাক্স-০৭২১-৭৭৪৬৮৫
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd


স্মারক নম্বর: ৩১.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.২৩- ১৯৫(২০০)

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, ................................(সকল)
০৬। পুলিশ সুপার, রাজশাহী
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
০৯। সিভিল সার্জন, রাজশাহী।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
১২। উপজেলা নির্বাহী অফিসার, ...................................(সকল), রাজশাহী।
১৩। সহকারী কমিশনার (ভূমি), ..................................(সকল), রাজশাহী।
১৪। সহকারী কমিশনার, ................................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১৫। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী।
১৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..............................................................., রাজশাহী

২৮/০২/২৩

জেলা প্রশাসক
রাজশাহী

# চাকরির আবেদন ফরম

| ০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে |
|---|

বরাবর

............................

............................

............................

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | |
| | থানা/উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(রাজস্ব শাখা)
www.rajshahi.gov.bd

ছবি
(আঠা দিয়ে লাগাতে হবে)

(অফিস কর্তৃক পূরণীয়)

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

# প্রবেশপত্র

রোল নং ....................................

পরীক্ষা কেন্দ্রের নাম ....................................

পরীক্ষার তারিখ: ....................................

পরীক্ষার সময়: ....................................

পদের নাম: ..........................................................

নাম: ..........................................................

পিতা/স্বামীর নাম: ..........................................................

বর্তমান ঠিকানা: ..........................................................

..........................................................

..........................................................

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এই প্রবেশপত্রটি মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

জেলা প্রশাসক
রাজশাহী

বিঃ দ্রঃ এই প্রবেশপত্রের দুই কপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।